

সাহিত্য সভা

এই সময়: সাহিত্য আকাদেমি ও নিউ আলিপুর কলেজের যৌথ উদ্যোগে শুক্রবার 'ভারতীয় ইংরেজি কবিতা চর্চা ও সাম্প্রতিক ধারা' শীর্ষক আলোচনাসভার আয়োজন হয়েছিল। আলোচনায় অধ্যাপক সংযুক্তা দাশগুপ্ত স্বাধীনোত্তর ইংরেজি ভাষায় ভারতীয় কবিতা চর্চার উপলব্ধিগুলো সুন্দরভাবে উপস্থাপনা করেন। অধ্যাপক আনিসুর রহমান ডিরোজিও থেকে আধুনিক যুগে ভারতীয় কবিদের ইংরেজি ভাষায় কাব্যগ্রন্থের বিবর্তনকে আপন ভাবনায় ব্যাখ্যা করেন। তাঁর ভাবনায় উঠে এসেছিল ইংরেজি ভাষায় ভারতীয় কবিতার সমৃদ্ধির কথা। অনুষ্ঠানের দ্বিতীয় অংশে কবি সুবোধ সরকার আঞ্চলিক কবিতা সম্পর্কে আলোকপাত করেন। তিনি অনুবাদের গুরুত্বের উপরও জোর দিয়েছেন।